

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৩৯৩

তারিখ: ২২ কার্তিক ১৪৩০

০৭ নভেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ (রিট পিটিশন নং-৪৪৯/২০১৫ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ নুরুল কবীর, পৌর পিপিারেটরি উচ্চ বিদ্যালয়, কক্সবাজার পেনশন সুবিধা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা (রিট পিটিশন নং- ৪৪৯/২০১৫) দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের মামলার (রিট পিটিশন নং-৪৪৯/২০১৫) রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে বিবাদী করা হয়েছে।

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ (রিট পিটিশন নং-৪৪৯/২০১৫ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ২নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) কনটেম্পট পিটিশন নং-৪৩৪/২০১৬ (রিট পিটিশন নং-৪৪৯/২০১৫ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগকরণ;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৭-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৩৯৩/১(৩)

তারিখ: ২২ কার্তিক ১৪৩০
০৭ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব